

📃 আল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | أُلْإِسْرَاء (بَنِي إِسْرَائِيل)

আয়াতঃ ১৭:৬৫

💵 আরবি মূল আয়াত:

إِنَّ عِبَادِي لَيسَ لَكَ عَلَيهِم سُلطنٌ ١٠ وَ كَفَى بِرَبِّكَ وَكِيلًا ﴿٢٥﴾

🗚 অনুবাদসমূহ:

নিশ্চয় আমার বান্দাদের উপর তোমার কোন ক্ষমতা নেই। কর্মবিধায়ক হিসেবে তোমার রবই যথেষ্ট। — আল-বায়ান 'আমার বান্দাহদের ব্যাপার হল, তাদের উপর তোমার কোন আধিপত্য চলবে না।' কর্ম সম্পাদনে তোমার প্রতিপালকই যথেষ্ট। — ভাইসিকল

নিশ্চয়ই আমার দাসদের উপর তোর কোন ক্ষমতা নেই; কর্ম বিধায়ক হিসাবে তোর রাব্বই যথেষ্ট। — মুজিবুর রহমান Indeed, over My [believing] servants there is for you no authority. And sufficient is your Lord as Disposer of affairs. — Sahih International

৬৫. নিশ্চয় আমার বান্দাদের উপর তোমার কোন ক্ষমতা নেই। আর কর্মবিধায়ক হিসেবে আপনার রব'ই যথেষ্ট।

তাফসীরে জাকারিয়া

(৬৫) আমার দাসদের উপর তোমার কোন ক্ষমতা নেই।[1] আর কর্মবিধায়ক হিসাবে তোমার প্রতিপালকই যথেষ্ট।'[2]

- [1] বান্দাদেরকে নিজের সাথে সম্পৃক্ত করেছেন তাদের মর্যাদা ও সম্মান প্রকাশের উদ্দেশ্যে। এ থেকে প্রতীয়মান হয় যে, আল্লাহর বিশেষ বান্দাদেরকে শয়তান ধোকায় ফেলতে সফল হয় না।
- [2] অর্থাৎ, যে প্রকৃতার্থে আল্লাহর বান্দা হয়ে যায়, তাঁরই উপর ভরসা ও আস্থা রাখে, আল্লাহও তার বন্ধু ও সাহায্যকারী হয়ে যান।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2094

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন